গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
হজ-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.hajj.gov.bd

স্মারক নং-১৬.০০.০০০০.০০৩.৩০.০০১.২৩-১০৩৭

তারিখ: ০৩ অগ্রহায়ণ ১৪৩৩ / ১৮ নভেম্বর ২০২৬

বিষয় : **২০২৭ সনের হজের নিবন্ধনের সময় বৃদ্ধি সংক্রান্ত বার্তা টেলিভিশনের স্ক্রলে বহুল প্রচার প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের অনুরোধের প্রেক্ষিতে সৌদি আরবের হজ ও ওমরাহ মন্ত্রণালয় বাংলাদেশের হজযাত্রী কোটা বৃদ্ধি করেছে। উক্ত বর্ধিত কোটায় এবং সরকারি মাধ্যমের অব্যবহৃত কোটায় হজযাত্রী নিবন্ধন কার্যক্রম ১৬ নভেম্বর ২০২৬ থেকে ২২ নভেম্বর ২০২৬ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে।

০২। এমতাবস্থায়, ২০২৭ সনের হজের নিবন্ধন সংক্রান্ত নিম্নোক্ত বার্তা বাংলাদেশের সকল টেলিভশন চ্যানেলে স্ক্রল আকারে বিনামূল্যে বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

> "২০২৭ সনের হজে বর্ধিত কোটায় এবং সরকারি মাধ্যমের অব্যবহৃত কোটায় হজযাত্রীর নিবন্ধন ১৬ নভেম্বর ২০২৬ থেকে ২২ নভেম্বর ২০২৬ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে-ধর্ম বিষয়ক মন্ত্রণালয়"

০৩। সুষ্ঠু হজ ব্যবস্থাপনার স্বার্থে বিষয়টি অতীব জরুরি।

১৮.১১.২০২৬

মোহাম্মদ সফিউজ্জামান ভুইয়া
উপসচিব
ফোন :+৮৮-০২-৫৫১০১১১১
hajj_sec1@mora.gov.bd

সচিব
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদফতর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন, সদর দপ্তর, ঢাকা
৩. মন্ত্রীর একান্ত সচিব (যুগ্মসচিব), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)
৪. সচিবের একান্ত সচিব (উপসচিব),, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৫. প্রতিমন্ত্রীর একান্ত সচিব (সিনিয়র সহকারী সচিব), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)
৬. সিস্টেম এনালিস্ট, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (www.mora.gov.bd এ প্রকাশের অনুরোধসহ)
৭. জনসংযোগ কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৮. ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লিঃ, ঢাকা (www.hajj.gov.bd এ প্রকাশের অনুরোধসহ)
৯. অফিস কপি/মাস্টার ফাইল।